[illegible]

তারিখ 11 APR 2016
পৃষ্ঠা ৭৯ কলাম ৭

# নকলের সুযোগ না পেয়ে হামলা পরীক্ষার্থীদের

## শিক্ষক, পুলিশসহ আহত ২০

ভোলা প্রতিনিধি ▷

নকলের সুযোগ না পেয়ে ভোলার বোরহানউদ্দিন মহিলা ডিগ্রি কলেজ কেন্দ্রে হামলা চালিয়ে কলেজের আসবাবপত্র ভাঙচুর করেছে এইচএসসি পরীক্ষার্থীরা। তারা কলেজে ইটপাটকেল নিক্ষেপ করে শিক্ষকদের অবরুদ্ধ করে রাখে। একপর্যায়ে রাস্তা অবরোধ করে বাস ভাঙচুরের চেষ্টা চালায় তারা। হামলায় চার শিক্ষক, ছয় পুলিশসহ আহত হয়েছে কমপক্ষে ২০ জন। আহতদের মধ্যে বাসযাত্রী ও পথচারীও রয়েছে।

এইচএসসি পরীক্ষার ইংরেজি দ্বিতীয় পত্র পরীক্ষা শেষে গতকাল রবিবার বিকেলে এ হামলা-ভাঙচুরের ঘটনা ঘটে। দফায় দফায় এ হামলা-ভাঙচুর চলে সন্ধ্যা পর্যন্ত। ওই কেন্দ্রে আব্দুল জব্বার কলেজের ৫৫৬ জন শিক্ষার্থী এইচএসসি পরীক্ষা দিচ্ছে।

বোরহানউদ্দিন কলেজের অধ্যক্ষ হারুন অর রশিদ জানান, বিকেল ৫টায় ইংরেজি পরীক্ষা শেষে কক্ষ পরিদর্শকরা খাতা নিয়ে অফিস ভবনে ফেরার পথে আবদুল জব্বার কলেজের পরীক্ষার্থীরা হামলা শুরু করে। তারা ইটপাটকেল নিক্ষেপ করে। অধ্যক্ষের কক্ষ ভাঙচুর করে।